Bengali

ছাত্রদের জন্য হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট সংক্রান্ত নির্দেশিকা

(A guide to Housing Benefit and Council Tax Benefit for Students)

এই প্রচার পুস্তিকায় ছাত্রদের জন্য হাউজিং ও ট্যাক্স বেনিফিট সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে। বিধিগুলো পুরো দেশের জন্য প্রযোজ্য এবং আপনি যে এলাকায়ই বাস করেন না কেন, সেগুলো একই। আপনার এলাকা কোন কাউন্সিলে পড়েছে তা না জানা থাকলে আপনার কাউন্সিলের ট্যাক্স বিলে তা পাবেন।

ছাত্ররা কি হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট দাবী করতে পারে?

হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট বিধির সংজ্ঞা অনুযায়ী ছাত্র সেই ব্যক্তি যিনি একটি শিক্ষা প্রতিষ্ঠানে কোনও শিক্ষা কোর্স-এ অংশ নিচ্ছেন।

বেশীরভাগ **পূর্ণ-কালীন** ছাত্র হাউজিং বেনিফিট দাবী করতে পারেন না যেহেতু সরকার আশা করে যে তাদের অন্যান্য প্রাপ্ত অর্থ, যেমন অনুদান, ছাত্র ঋণ বা প্রাপ্য তহবিল থেকে তারা তাদের ভাড়া পরিশোধ করবেন।

সাধারণভাবে হাউজিং বেনিফিট এর উদ্দেশ্যের বিবেচনায় পূর্ণকালীন ছাত্র হচ্ছেন যিনি প্রতি সপ্তাহে ১৬ ঘন্টা বা আরও বেশী সময় ব্যাপী নির্দেশনামূলক শিক্ষায় অংশগ্রহণ করে থাকেন। আপনি পূর্ণকালীন (ফুল-টাইম) বা খন্ড কালীন (পার্ট-টাইম) ছাত্র সে সম্পর্কে নিশ্চিত না হলে আপনার কলেজ বা ইউনিভার্সিটিতে যোগাযোগ করুন যারা এবিষয়ে পরামর্শ দিতে পারবে।

কোন ছাত্ররা হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট দাবী করতে পারেন?

আপনি যদি নিচে বর্ণিত কেউ হন তাহলে এসব বেনিফিট দাবী করতে পারবেনঃ

- খন্ডকালীন ছাত্র;
- কোনও শিশু বা অল্পবয়সী কারো দায়িত্বভার বহন করে থাকেন (অন্য কারো সাথে মিলে অথবা একা);
- সঙ্গীহীন একক পালক পিতা বা মাতা;
- ৬০ বছর বা তার উপরে বয়সী;
- ইনকাম সাপোর্ট বা আয় ভিত্তিক জবসীকার্স এলাউন্স প্রাপ্ত;
- ডিসএবিলিটি প্রিমিয়াম বা সিভিয়ার ডিসএবিলিটি প্রিমিয়াম পাওয়ার যোগ্য;
- ২৮ সপ্তাহের বেশী সময় কাজ করতে সক্ষম হননি;
- বধির হবার কারণে ডিসএবলড্ স্টুডেন্ট এলাউন্স পাওয়ার যোগ্য;
- ২১ বছরের কম বয়সী এবং উচ্চ শিক্ষা গ্রহণ করছেন না;
- একজন পার্টনার আছেন যিনি ছাত্র নন (তাদেরকে দাবী পেশ করতে হবে, আপনি নন); অথবা
- অসুস্হতা বা সেবা শুশ্রুষার দায়িত্বের কারণে কলেজ বা বিশ্ববিদ্যালয়ের অনুমতি নিয়ে কোর্সে অংশগ্রহণে বিরতি দিতে বাধ্য হচ্ছেন।

আপনি দাবী পেশ করতে পারেন কি না সে ব্যাপারে যদি নিঃসন্দেহ না হন তাহলে সবসময়ই আপনার স্হানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করতে পারেন।

ছাত্র নার্সরা হাউজিং বেনিফিট দাবী করতে পারেন কি?

ন্যাশনাল হেল্থ সার্ভিসের অর্থায়ন প্রাপ্ত ছাত্ররা অন্য ছাত্রদের জন্য প্রযোজ্য একই বিধিবিধানের আওতায় হাউজিং বেনিফিট দাবী করতে পারেন। নিশ্চিত না হলে আপনার স্হানীয় কাউন্সিলে পরামর্শের জন্য ফোনে যোগাযোগ করুন।

বিদেশ থেকে আসা ছাত্ররা হাউজিং বেনিফিট দাবী করতে পারেন কি?

আপনি যদি ইউরোপ থেকে আগত ছাত্র হন, তাহলে যেসব ধরণের ছাত্ররা বেনিফিট দাবী করতে পারেন তার কোনও একটিতে আপনি পড়লে আপনি তা দাবী করতে পারেন। এ ব্যাপারে “কোন ছাত্ররা হাউজিং বেনিফিট ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট দাবী করতে পারেন” শীর্ষক অংশ দেখুন।

আপনি যদি ইউরোপের বাইরে থেকে আগত হন তাহলে সম্ভবতঃ কোনও হাউজিং বেনিফিট দাবী করতে পারেন না, এমনকি যদি আপনি উক্ত বেনিফিট দাবী করার যোগ্য ছাত্রদের গ্রুপের অন্তর্ভূক্ত হন। এটা নির্ভর করে আপনি কি

পরিস্থিতিতে এদেশে এসেছিলেন এবং আপনার হাউজিং বেনিফিট দাবীর বিষয়ে কার্যক্রম নেয়ার আগে আপনার ইমিগ্রেশন ষ্টেটাস সম্পর্কে আমাদের তথ্য প্রয়োজন হবে।

যে সব ছাত্র/ছাত্রী বিশ্ববিদ্যালয় বা কলেজ থেকে ঘরবাড়ী ভাড়া নিয়েছেন, তারা হাউজিং বেনিফিট দাবী করতে পারেন কি?

হ্যাঁ, উপযুক্ত সার্বক্ষণিক ও খন্ড-কালীন ছাত্ররা বিশ্ববিদ্যালয় বা কলেজ থেকে ভাড়া নেয়া আবাসন ব্যবস্থার জন্য বেনিফিট দাবী করতে পারেন। একজন যোগ্য ছাত্র তাঁর বিশ্ববিদ্যালয় বা কলেজ থেকে ভাড়া করা আবাসনে বসবাস করলে তিনি তার অধ্যায়নকালের জন্য বাইরেও হাউজিং বেনিফিট পাবার যোগ্য হবেন। এটা শুধু প্রযোজ্য হবে যখন ঐ ছাত্র কোর্সে যোগদানের সুবিধার কারণেই উক্ত আবাসনে বসবাস করে থাকেন।

বিশ্ববিদ্যালয় বা কলেজ যদি অস্থায়ী ভিত্তিতে কোনও কাউন্সিল, হাউজিং এসোসিয়েশন বা ব্যক্তি মালিক থেকে আবাসিক স্থান ভাড়া করে থাকে এবং আপনি হাউজিং বেনিফিট দাবী করার যোগ্য ছাত্রদের কোনও একটি শ্রেণীর মধ্যে পড়েন তাহলে আপনি বেনিফিট দাবীর যোগ্য হতে পারেন।

এ সম্পর্কে আরও জানার জন্য স্থানীয় কাউন্সিলে ফোন করুন।

আমাকে দুইটি আবাসস্থল রাখতে হয়- একটি কলেজে এবং অন্যটি নিজ গৃহে। আমি হাউজিং বেনিফিট দাবী করতে পারি?

হাউজিং বেনিফিট সাধারণতঃ বসত বাড়ীর জন্য দেয়া হয় যেখানে আপনি বাস করেন এবং ভাড়া পরিশোধ করেন। দুইটি বাসস্থানের জন্য আপনি সহায়তা পেতে পারেন যদি আপনি ছাত্র বা প্রশিক্ষণার্থী হন, এক জোড়া সঙ্গীর একজন হন, এবং আপনার কোর্স বা কাজের জন্য আলাদা ভাড়া করা আবাসনে থাকতে হয়।

আপনি হাউজিং বেনিফিট দাবী করতে পারেন, তবে তা আপনার পরিস্থিতির উপর নির্ভর করে। আপনার স্থানীয় কাউন্সিলের সাথে বিষয়টি যাচাই করে নিন এবং পরামর্শের জন্য তাদের সাথে যোগাযোগ করুন।

আমি যদি হাউজিং বেনিফিট দাবী করার যোগ্য একজন ছত্র হই, তাহলে আমি কত পাব?

আপনি কত পাবেন তা আপনার আয়ের উপর নির্ভর করে কম বেশী হয়। ষ্টুডেন্ট লোন-এর পুরোটাই আপনি পাচ্ছেন ধরে নিয়ে আমরা আপনার আয় হিসাব করি, যদিও হয়ত বাস্তবে আপনি পুরোটা পান নি। এ টাকার মধ্যে প্রথম সাপ্তাহিক ১০ পাউন্ড আমরা ধরি না। যে সব ছাত্র নার্সিং বা ধাত্রীবিদ্যায় ডিপ্লোমা কোর্সের জন্য বৃত্তি পান তারা ষ্টুডেন্ট লোন পাবেন না বিধায় সেক্ষেত্রে আমাদেরকে কোনও ঋণ প্রাপ্তি জনিত আয় হিসাব করতে হয় না।

ডিপ্লোমা-হীন নার্সিং কোর্সের ছাত্রদের ক্ষেত্রে আমরা যে কোনও অনুদান ও ঋণ প্রাপ্তি জনিত সম্পূর্ণ আয়কে হিসাব করা হয় যেভাবে সাধারণতঃ অন্য ছাত্রদের ক্ষেত্রে করা হয়।

ছাত্রদের জন্য হাউজিং বেনিফিট হিসাব করা সংক্রান্ত বিধিবিধান জটিল প্রকৃতির। আপনার কোনও জিজ্ঞাসা থাকলে সব সময়ই পরামর্শের জন্য আপনার স্থানীয় কাউন্সিলকে ফোন করতে পারেন।

কিভাবে আমি বেনিফিট দাবী করব?

স্থানীয় কাউন্সিল থেকে একটি হাউজিং এবং/অথবা কাউন্সিল ট্যাক্স বেনিফিট দাবী ফরম সংগ্রহ করে শুধু পূরণ করুন।

আপনাকে কি প্রমাণ আমাকে দিতে হবে?

আপনার দাবীর পরিমাণ হিসাব করার জন্য পূর্ণভাবে পূরণকৃত দাবী ফরমের সাথে নিচের বিষয়গুলোও লাগবেঃ

- আপনার আর্থিক বিবরণীর কপি
- অন্য সব আয় ও সঞ্চয়ের প্রমাণ
- আপনার কোর্স এর বিস্তারিত তথ্য, টার্মগুলোর তারিখ ও কোন শিক্ষাবর্ষে আপনি পড়ছেন এসব তথ্যসহ
- আপনার ভাড়ার প্রমাণ
- আপনার পরিচিতির প্রমাণ এবং ন্যাশনাল ইনসুরেন্স নাম্বার

আাবেদন ফরমে বলা আছে কি কি প্রয়োজন, তবে যদি আরো তথ্যের প্রয়োজন হয় তাহলে আমরা আপনাকে লিখব।

আমি অন্য ছাত্রদের সাথে একটি আবাসনে থাকি। আমাদেরকে কি কাউন্সিল ট্যাক্স পরিশোধ করতে হবে?

না, সাধারণতঃ আপনাদেরকে কাউন্সিল ট্যাক্স পরিশোধ করতে হবে না। যদি আপনি এমন কোনও সম্পত্তিতে থাকনে যেখানে শুধু ছাত্র/ছাত্রীরা থাকে তাহলে আপনি কাউন্সিল ট্যাক্স পরিশোধ থেকে অব্যাহতি চাইতে পারেন। এটা করার জন্য, বাড়ীতে বসবাসরত সবাইকে তাদের স্টুডেন্ট সার্টিফিকেট কাউন্সিল ট্যাক্স অফিসকে দেখাতে হবে। যদি কাউন্সিল ট্যাক্স অফিস বাড়ীর সবার সার্টিফিকেট না পায় তবে তারা কাউন্সিল ট্যাক্স বিল পাঠাবে।

আমি একটি আবাসিক হল-এ থাকি। আমাকে কি কাউন্সিল ট্যাক্স দিতে হবে?

না, সাধারণভাবে আপনাকে কাউন্সিল ট্যাক্স দিতে হবে না যেহেতু সম্পত্তিটি ট্যাক্স অব্যাহতিপ্রাপ্ত এবং এজন্য আপনার অব্যাহতি দাবী করার প্রয়োজন নেই।

আমি অন্য লোকজনের সাথে শেয়ার করে থাকি যাঁরা সকলেই ছাত্র নন। আমাকে কি কাউন্সিল ট্যাক্স দিতে হবে?

যেখানে পূর্ণ-কালীন ছাত্র ও অ-ছাত্ররা একই আবাসনে থাকেন সেখানে কে কাউন্সিল ট্যাক্স পরিশোধের জন্য দায়ী সে সম্পর্কিত বিধিবিধানগুলো জটিল। প্রতিটি পরিস্থিতি আলাদাভাবে বিবেচনা করা প্রয়োজন হবে। আরও জানার জন্য আপনার স্থানীয় কাউন্সিলের কাউন্সিল ট্যাক্স সেকশনে যোগাযোগ করুন।

যারা ছাত্র নন, এবং ইনকাম সাপোর্ট, আয় ভিত্তিক জবসীকার্স এলাউন্স বা পেনশন ক্রেডিট পান, তাদের ক্ষেত্রে বিকল্প সর্বোচ্চ কাউন্সিল ট্যাক্স বেনিফিট (সেকেন্ড এডাল্ট রিবেট) প্রযোজ্য হবে। দাবী করা হলে, তা ১০০% প্রদান করা হবে এবং এর ফলে কাউন্সিল ট্যাক্স-এর দায় কমে শুন্য হবে।

আরও পরামর্শ কোথায় পেতে পারি?

আরও সহায়তা বা পরামর্শের প্রয়োজন হলে আপনার স্থানীয় কাউন্সিল, আপনার বিশ্ববিদ্যালয় বা কলেজে যোগাযোগ করুন। তাদের কোনও পরামর্শ কেন্দ্র থাকতে পারে যাতে সহায়তা পেতে পারেন। অন্যথায় আপনি স্থানীয় সিটিজেনস্ এডভাইস ব্যুরো বা ওয়েলফেয়ার রাইটস সার্ভিসে যোগাযোগ করতে পারেন। স্থানীয় ফোন বুকে তাদের নাম ঠিকানা পাবেন।

অন্যান্য মাধ্যমে

এই পুস্তিকায় দেয়া তথ্য বড় ছাপায়, ব্রেইল-এ, অডিও সংস্করণে ও অন্যান্য ভাষায় পাওয়া যায়। আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট www.benefit-leaflets.org দেখুন।